

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৫.২০.২১৮

তারিখ: ১৪ আষাঢ়, ১৪২৯

২৮ জুন ২০২২

বিষয়: মহামান্য হাইকোর্টের বিভাগের রিট পিটিশন নং-২১৮২/২০২২ মামলার আদেশ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয় পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন নিয়ন্ত্রণাধীন পিচ-ব্লেন্ড বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর প্রস্তাবিত "পিচ-ব্লেন্ড বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়" বেসরকারী বিশ্ববিদ্যালয় আইন-২০১০ অনুযায়ী শিক্ষা মন্ত্রণালয় ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অনুমোদন জন্য চেয়ারম্যান/উদ্যোক্তা, প্রফেসর ড. এম.এন.হক, চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা বরাবর ০৬.০১.২০২২ তারিখে আবেদন করেন।

চেয়ারম্যান/উদ্যোক্তা, প্রফেসর ড. এম.এন.হক এর আবেদনের প্রেক্ষিতে কোন ব্যবস্থা গ্রহণ না করায় তিনি সংশ্লিষ্ট হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-২১৮২/২০২২ মামলা দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ হতে ১৮.০৫.২০২২ তারিখে নিম্নরূপ আদেশ প্রদান করেন;

"The respondent Nos. 2 and 3 are directed to dispose of the application dated 06.01.2022 (Annexure-K and K-1) filed by the petitioner within 03 (three) months from the date of receipt of this order in accordance with law."

বর্ণিতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগ রিট পিটিশন নং-২১৮২/২০২২ মামলার অন্তর্বর্তীকালীন আদেশের প্রেক্ষিতে বাদীর ০৬.০১.২০২২ তারিখের আবেদনটি (Annexure-K, and K-1) বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক গৃহীত ব্যবস্থার সর্বশেষ তথ্য এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৮-৬-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

ফ্যাক্স: ৯৫১৪১১৪

ইমেইল: jalil20012@gmail.com

চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব)

চেয়ারম্যান এর দপ্তর

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৫.২০.২১৮/১(৪)

তারিখ: ১৪ আষাঢ়, ১৪২৯

২৮ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২৮-৬-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব